# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৮. হাশরের ময়দানের প্রতি ঈমান

সকল মানুষকে একদিন কবর থেকে জীবিত করে একত্রিত করা হবে একটি নির্দিষ্ট জায়গায় (যার নাম হাশরের ময়দান), এ কথার উপর বিশ্বাস রাখা হচ্ছে ঈমানের অংশ। আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন,

أَلَا يَظُنُّ أُولَٰئِكَ أَنَّهُم مَّبْعُوثُونَ * لِيَوْمٍ عَظِيمٍ * يَوْمَ يَقُومُ النَّاسُ لِرَبِّ الْعَالَمِينَ

তারা কি চিন্তা করে না যে, পুনরুত্থিত হবে। সেই মহাদিবসে। যেদিন মানুষ দাঁড়াবে বিশ্ব প্রতিপালকের সামনে।[১]

আবদুল্লাহ ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত সহীহ মুসলিমের এক হাদীসে বলা হয়েছে,

يقوم الناس لرب العالمين حتى يغيب أحدهم في رشْحه

মানুষ বিশ্ব প্রতিপালকের সামনে দাঁড়াবে। তখন তারা ঘামে ডুবে থাকবে।

## ফুটনোট

[১]. সূরা আল মুতাফফিফীন, আয়াত : ৪, ৫, ৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12306

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন